
দৈনিক খবর

তারিখ ... 13 FEB 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

০৪

প্রসঙ্গ ঃ বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ পরিবর্তন

# 'দুর্নীতির সমর্থনে আদেশে কোন আইন নেই, তাই সংশোধন করতে হবে না'




ডঃ আব্দুল খালেক

।। মাহফুজুর রহমান ।।

বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষক বলেছেন, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস '৭৩-এর আদেশ প্রণয়নের আগেও ছিল। আবার বিশ্ববিদ্যালয় ছাড়াও দেশের বিভিন্ন স্থানে সন্ত্রাস হচ্ছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস একাডেমিক কারণে হয় না। দুর্নীতির সমর্থনে '৭৩-এর বিশ্ববিদ্যালয় আদেশে কোন আইন নেই। তাই সন্ত্রাস ও দুর্নীতি বন্ধ করতে '৭৩-এর বিশ্ববিদ্যালয় আদেশ সংশোধন করতে হবে না। বর্তমান অগণতান্ত্রিক সরকার ও অবৈধ সংসদের দ্বারা এটা করা সম্ভবও নয়। যারা নিজেরা গণতন্ত্রে বিশ্বাস করে না, তারা গণতন্ত্র দিতে পারে না।

এ সম্পর্কিত এক একান্ত সাক্ষাৎকারে ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক ও সাবেক সিনেট সদস্য ডঃ আব্দুল খালেক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক ও ঐক্য জোটের যুগ্ম-আহবায়ক ডঃ হারুন-অর-রশিদ একথা বলেন। তাদের কাছে প্রশ্ন করা হয় (১) বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ পড়েছেন কি? (২) সরকার বলছেন '৭৩ সালে প্রণীত এ আইন বর্তমানে যুগোপযোগী করা দরকার। সরকারের এ বক্তব্যের প্রেক্ষিতে আপনি কি বলেন? (৩) বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ পড়ে কোনো ধারা পরিবর্তন করা দরকার বলে সুনির্দিষ্টভাবে আপনার মনে হয়েছে কি-না? (৪) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাস ও নৈরাজ্যের সাথে বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩-এর যোগসূত্র রয়েছে এবং এ নৈরাজ্যজনক অবস্থার অবসানের জন্য এ আদেশ পরিবর্তন-পরিবর্ধন দরকার- এ বক্তব্যের সাথে কি আপনি একমত? (৫) বিশ্ববিদ্যালয়গুলোতে ক্ষেত্র



ডঃ হারুন-অর রশিদ

বিশেষে অনিয়ম ও দুর্নীতি দেখা যাচ্ছে এবং এটা বন্ধের জন্য '৭৩-এর আদেশ পরিবর্তন করা দরকার কি?

### ডঃ আব্দুল খালেক

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের সাবেক সদস্য ডঃ আব্দুল খালেক বলেছেন, বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ পড়েছি।

৫-এর পাতায় দেখুন